



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খণ্ড)/২০১৯/২১৬


তারিখঃ

০৩ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
১৮ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭৪৯ তম কমিশন সভা অদ্য ১৮/১১/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুব্বাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :-

০১. কমিশন অধ্যকার সভায় Lub-rref (Bangladesh) Limited এর ১৫০/- (একশত পঞ্চাশ) কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে ৪৫,২৪৩,১৪৪ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যুর লক্ষ্যে সংশ্লিষ্ট কোম্পানির প্রসপেক্টাস প্রকাশ করার প্রস্তাব অনুমোদন করেছে। উল্লেখ্য, যে সকল উপযুক্ত বিনিয়োগকারী (Eligible Investors) ৫০/-টাকার উর্ধ্ব বিডিং করেছে, সে সকল উপযুক্ত বিনিয়োগকারী (Eligible Investors)-কে কমিশনের Directive No. BSEC/CMRRCD/2009-193/204, Date: 20 February, 2018 অনুযায়ী বিডিং করেছে কিনা সে বিষয়ে ব্যাখ্যা তলবের সিদ্ধান্ত গৃহীত হয়।
০২. সর্বশেষ ২২ সেপ্টেম্বর, ২০০৮ ইং তারিখে কোন ব্যাংক পুঁজিবাজারে তালিকাভুক্তির দীর্ঘ ১২ বছর পর কমিশন অধ্যকার সভায় NRB Commercial Bank Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ১২ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ১২০ (একশত বিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে সরকারী সিকিউরিটিজ ক্রয়, সেকেন্ডারী মার্কেটে বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩০শে জুন, ২০২০ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেটভ্যালু (NAV without revaluation) টাকা ১৩.৮৬ (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) এবং বিগত ০৫(পাঁচ) বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ১.৫৫ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে যথাক্রমে Asian Tiger Capital Partners investment limited এবং AFC Capital Limited. উল্লেখ্য, বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে চাঁদা গ্রহণের তারিখ ফেব্রুয়ারি, ২০২১ সময়ে নির্ধারিত হবে।
০৩. কমিশন অধ্যকার সভায় স্টাইলক্র্যাফট লি: এর শেয়ার লেনদেন এ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা ১৯৯৫ এর বিধি ৪(১) এবং Securities & Exchange Ordinance, 1969 এর Section 17(e) (v) ভঙ্গের দায়ে কোম্পানির চেয়ারম্যান ও ৩ জন কর্মকর্তাসহ কতিপয় ব্যক্তিকে তাদের অর্জিত মুনাফার চেয়ে বেশি জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।


মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র

“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”